

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-২
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০১৩.১৬-৮৭

তারিখঃ ১৯ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য কর্মকর্তাদ্বয়ের চীন গমনের অনুমতি প্রদান।

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ১১ ফেব্রুয়ারি, ২০১৭ হতে ১৭ ফেব্রুয়ারি, ২০১৭ সময়ে ০৭ (সাত) দিনের জন্য ২০,০০০ (বিশ হাজার) জোড়া Leg Shin Guard (Male) (Including FPU) ক্রয়ের বিষয়ে Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ নূরুল ইসলাম, যুগ্ম-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এবং পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোঃ হুমায়ুন কবির, ডিআইজি (চলতি দায়িত্বে), পুলিশ অধিদপ্তর, ঢাকাদ্বয়কে চীন গমনের সরকারী অনুমতি জ্ঞাপন করছি।

শর্তাবলী :

- (ক) FAT কার্যক্রমে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তাদ্বয়ের যাবতীয় ব্যয়ভার M/S M Co Traders বহন করবে।
- (খ) তাদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- (গ) তারা FAT কার্যক্রমে অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (ঘ) তারা আগামী ১০ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ১৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তারা জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ অধিশাখা-৪ এ বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন দাখিল করে পুলিশ-২ শাখায় অবহিত করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০১৩.১৬-৮৭/১(১০)

তারিখঃ ১৯ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব, পুলিশ-১/উপ-সচিব পুলিশ-৪ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০। জনাব.....।


ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব